

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২৩, ২০২৫

[একই আরক ও তারিখে স্থলাভিষিক্ত সংশোধিত বিজ্ঞপ্তি]

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)

সংশোধিত বিজ্ঞপ্তি

তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

নং ১ই-৫৭/২০২৩-৭৯৭০ এ,—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদটি জাতীয় বেতনস্কেল/২০১৫ এর গ্রেড-১০ হতে গ্রেড-৮-এ উন্নীতকরণের নিমিত্ত দায়েরকৃত রীট পিটিশন নং-৯৩৬৪/২০১৬ মামলায় গত ৩১-০৮-২০১৬ খ্রিঃ তারিখের রায়ে উল্লেখ আছে যে, “In the result, the Rule is made absolute. The respondents are directed to upgrade the petitioners to class 1 gazetted post and grant them the pay scale of taka 12000—21600 (grade VIII) of National Pay Scale of 2009 with effect from the date of judgment. The respondents are further directed to pay all arrear and other financial benefits to the petitioners according to their entitlement within a period of two months from the date of receipt of this judgment and order.”

০২। রাষ্ট্রপক্ষ রীট পিটিশন নং-৯৩৬৪/২০১৬ মামলার ৩১-০৮-২০১৬ খ্রিঃ তারিখের রায়ের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে Civil Petition for Leave to Appeal No. 2527/2017 দাখিল করেন। উক্ত মামলাটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক গত ১৪-১২-২০১৭ খ্রিঃ তারিখে শুনানি অন্তে খারিজ করা হয়।

(১৩৭৫৯)

মূল্য : টাকা ৪.০০

০৩। রাষ্ট্রপক্ষ উক্ত Civil Petition for Leave to Appeal No. 2527/2017-এর আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে Civil Review Petition No. 190/2019 দায়ের করলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ গত ১১-০৫-২০২৩ খ্রিঃ তারিখে শুনানি অন্তে নিম্নরূপ রায় প্রদান করেন :

“.....In the result, the civil appeal and the civil review petition are hereby dismissed.”

০৪। উক্ত রায়ের আলোকে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর আইন ও বিচার বিভাগ কর্তৃক জারীকৃত স্মারক নং-১০.০০.০০০০.১২৬.০৪.০১৩. ২৩.৬৫ তারিখ: ২৯ জুলাই ২০২৫ মূলে হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদে কর্মরত উক্ত রীট পিটিশন মামলার শুধুমাত্র পিটিশনারদের জাঃ বেঃ স্কেল/২০১৫ অনুযায়ী বেতন গ্রেড-১০ হতে গ্রেড-৮-এ উন্নীতকরণে সম্মতি প্রদান করা হয়েছে।

০৫। উক্ত রীট পিটিশন নং-৯৩৬৪/২০১৬ মামলায় বিগত ৩১-০৮-২০১৬ খ্রি. তারিখের রায় প্রাসঙ্গিক মন্তব্যে উল্লেখ করা হয়েছে যে, “.....The present petitioners, the Superintendents of the Court who are holding Class II gazette post are also entitled to the same benefits, since they stand on the same footing and there should not be any discrimination in their lawful rights. A benefit allowed by the decision of the Court should be available to the others who stand on the same footing but did not join in as petitioners. In the present case though the petitioners are entitled to get their benefit pursuant to the benefits of judgment and order dated 22.10.2014 passed in Writ Petition No. 6895 of 2010 by this Bench were not required to file another Writ Petition but even then the instant writ petition was filed seeking the same relief and a Rule Nisi was obtained. Considering the facts and circumstances of the matter along with the submissions made by the learned Advocate for the petitioner, we are of the view that the petitioners are entitled to get the same relief as given to the petitioner in Writ Petition No.6895 of 2010 who stand on the same footing.”

০৬। উল্লেখ্য যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষক কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন ৩২১৪/২০১৮ নং মামলায় রায় ও আদেশের আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষকের ১০ম গ্রেড বাস্তবায়নের ধারাবাহিকতায় বৈষম্য দূরীকরণার্থে দেশের সকল প্রধান শিক্ষক অর্থাৎ ৬৫,৫০২টি পদকে ১০ম গ্রেডে উন্নীতকরণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করতঃ বিগত ২৮-০৭-২০২৫ খ্রি. তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.২৮.০০০৫.১২. ৪১২ নং স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়।

০৭। এমতাবস্থায়, রীট পিটিশন নং-৯৩৬৪/২০১৬ মামলায় গত ৩১-০৮-২০১৬ খ্রিঃ তারিখের রায়ের ০৫নং অনুচ্ছেদে বর্ণিত পর্যবেক্ষণ, ০৬নং অনুচ্ছেদে বর্ণিত রীট পিটিশন নং-৩২১৪/২০১৮ মামলার রায় ও আদেশ এবং পূর্বোক্ত নজির-এর আলোকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ‘সুপারিনটেনডেন্ট’ পদকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) টাকা হতে ২৩,০০০-৫৫,৪৭০/- (গ্রেড-৮) টাকার স্কেল-এ উন্নীতকরণসহ উক্ত পদে কর্মরত সুপারিনটেনডেন্টগণকে “SUCCESSOR IN OFFICE” হিসেবে রীট পিটিশন ৯৩৬৪/২০১৬ নং মামলার রায়ের তারিখ (৩১-০৮-২০১৬) হতে অথবা রায় পরবর্তী উক্ত পদে যোগদানের তারিখ (যা প্রযোজ্য) হতে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ২৩,০০০—৫৫,৪৭০/- (গ্রেড-৮) অনুযায়ী প্রাপ্য বেতন ভাতাসহ অন্যান্য সকল বকেয়া সুবিধাদি প্রদান করা হলো।

০৮। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

আদেশক্রমে

মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
রেজিস্ট্রার।